



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
জেনারেল এ্যাডমিন শাখা

দুর্নীতিকে না বলুন, নৈতিকতা
মেনে চলুন।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার।

টেলিফোন: ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়ন:
pgcl.gov.bd

নম্বর: ২৮.১৮.০০০০.০০০.০৩৪.৫৫.০০০১.১৮.৩৯০

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: গৃহনির্মাণ ঋণ/সম্পূরক ঋণ।

কোম্পানিতে বিদ্যমান “গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয় ঋণ নীতিমালা-২০১৬” ও পরবর্তী সংশোধনী মোতাবেক ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেট সংস্থানের বিপরীতে কোম্পানির স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে ১) নিজস্ব মালিকানাধীন জমির উপর বাড়ী নির্মাণ, ২) জমিক্রয়, ৩) তৈরি বাড়ী/ফ্ল্যাট ক্রয়, ৪) নিজস্ব মালিকানাধীন জমির উপর নির্মিত বাড়ী সংস্কার, সম্প্রসারণ বা পুনঃনির্মাণ, ৫) স্ব উদ্যোগে বা গৃহনির্মাণ ঋণের মাধ্যমে নির্মিত বাড়ী সংস্কার, সম্প্রসারণ বা পুনঃনির্মাণ, ৬) সংস্কার (রিকন্সট্রাকশন ও রিপিয়ার) এবং ৭) নির্মিত বাড়ী পুনঃনির্মাণ কাজের যে কোন একটির বিপরীতে ঋণ/সম্পূরক ঋণ বিতরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলীপূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১.	গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের জন্য আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীকে কোম্পানির স্থায়ী কর্মকর্তা/কর্মচারী হতে হবে এবং চাকরিকাল এ বিজ্ঞপ্তি জারি তারিখে ন্যূনতম ০৮(আট) বছর হতে হবে। একজন স্থায়ী কর্মকর্তা-কর্মচারী পিআরএল (অবসর উত্তর ছুটি) এ গমনের ০৩(তিন) বছর পূর্ব পর্যন্ত এ ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন।
২.	কর্মকর্তা/কর্মচারীর ১৫০(একশত পঞ্চাশ) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ বা সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা (যা কম) ঋণ প্রদেয় হবে।
৩.	প্রদত্ত ঋণের উপর বার্ষিক ৪%(চার শতাংশ) (ব্যাংক রেট) বা সময় সময় পরিবর্তিত ব্যাংক রেট হারে সরল সার্ভিস চার্জ ধার্য করা হবে।
৪.	অভিযুক্ত কোন কর্মকর্তা-কর্মচারী এ ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন না।
৫.	স্বামী-স্ত্রী উভয়ে কোম্পানিতে কর্মরত থাকাকালীন একই জমি/বাড়ির বিপরীতে উভয়কে এ ঋণ মঞ্জুর করা হবে না। তবে ভিন্ন জমি/বাড়ির মালিকানার বিপরীতে উভয়কে এ ঋণ মঞ্জুর করা হবে।
৬.	কোম্পানিতে চুক্তি ভিত্তিক/খন্ডকালীন/প্রেমণে/লিয়েনে নিয়োজিত কোন কর্মকর্তা/কর্মচারী এ ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন না। তবে কোম্পানির স্থায়ী কর্মকর্তা/কর্মচারী অন্যত্র প্রেমণে কর্মরত থাকলে তিনি এ নীতিমালার আওতায় এ ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।
৭.	মেট্রোপলিটন এলাকা, পৌর এলাকা, উপজেলা/ইউনিয়ন পরিষদের আওতাধীন এলাকায় বসতবাড়ী তৈরির উদ্দেশ্যে গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাট ক্রয়ের জন্য এ ঋণ প্রদান করা হবে।
৮.	গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয় ঋণ প্রদানের ক্ষেত্রে আবেদনকারী কর্মকর্তা-কর্মচারীদের (চাকরিতে যোগদানের ভিত্তিতে) জ্যেষ্ঠতা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে আবেদন বিবেচনা করা হবে। তবে এ সংক্রান্ত কমিটি যে কোন কর্মকর্তা/কর্মচারীর আবেদন যুক্তিসঙ্গত কারণে বিশেষ বিবেচনায় ঋণ প্রদানের সুপারিশ করতে পারবে।
৯.	যে সকল কর্মকর্তা/কর্মচারীর নিজস্ব কোন বাড়ি নেই বা যারা কোম্পানির ঋণে ইতঃপূর্বে বাড়ি নির্মাণ করেননি, গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে তাদের বিষয়টি অগ্রাধিকার পাবে।
১০.	আবেদন প্রাপ্তি সাপেক্ষে কোম্পানিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যানুপাতিক হারে উক্ত অগ্রিম/ঋণ প্রদান করা হবে। এক্ষেত্রে আবেদনকারী কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরিতে স্ব-স্ব পদে যোগদানের তারিখ অনুযায়ী পৃথক জ্যেষ্ঠতার তালিকার ভিত্তিতে জ্যেষ্ঠতা অনুযায়ী এবং কোম্পানি কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে উক্ত অগ্রিম প্রদেয় হবে। কোন ক্যাটাগরিতে আবেদন পাওয়া না গেলে অন্য ক্যাটাগরির জন্য সমুদয় অর্থ আবেদনকারীগণের অনুকূলে বরাদ্দযোগ্য হবে।
১১.	বিদ্যমান নীতিমালা প্রবর্তনের পূর্বে যে সকল কর্মকর্তা-কর্মচারী এ ঋণ গ্রহণ করেছেন তারাও এ নীতিমালার অধীনে প্রাপ্যতা সাপেক্ষে সম্পূরক ঋণ গ্রহণ করতে পারবেন। এরূপ ক্ষেত্রে সমুদয় ঋণ এ নীতিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে। প্রথমবার ঋণ প্রদানের ক্ষেত্রে ৬০% এবং সম্পূরক ঋণ প্রদানের ক্ষেত্রে ৪০% আবেদনপত্র পৃথকভাবে (নতুন ও পুরাতন) জ্যেষ্ঠতার ভিত্তিতে ঋণ প্রদান করা হবে। কোন ক্যাটাগরিতে আবেদন পাওয়া না গেলে অন্য ক্যাটাগরির জন্য সমুদয় অর্থ আবেদনকারীগণের অনুকূলে বরাদ্দযোগ্য হবে।
১২.	আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর পিএফ (নিজস্ব অংশ ও কোম্পানির অংশ) এর অনুকূলে জমাকৃত অংশ এবং গ্র্যাচুইটি বাবদ প্রাপ্তব্য

	মোট অর্থের পরিমাণ অনুযায়ী এ ঋণের পরিমাণ নির্ধারণ করা হবে। তবে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার পিএফ (নিজস্ব অংশ ও কোম্পানির অংশ) এবং পেনশন/গ্র্যাচুইটি প্রাপ্যতার ভিত্তিতে প্রাপ্য মোট অর্থের পরিমাণ অপেক্ষা প্রদেয় ঋণের পরিমাণ বেশি হলে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাকে অবশ্যই গৃহীত ঋণের মাধ্যমে নির্মিত বাড়ী বা ক্রয়কৃত জমি/ফ্ল্যাটের বন্ধকি দলিল সম্পাদনপূর্বক উক্ত জমি/বাড়ী/ফ্ল্যাটের মূল দলিল কোম্পানিতে জমা প্রদান করতে হবে। যা ঋণের সমুদয় অর্থ (আসল ও সুদ) পরিশোধ সাপেক্ষে ফেরত প্রদান করা হবে। যাদের পিএফ (নিজস্ব অংশ ও কোম্পানির অংশ) এবং পেনশন/গ্র্যাচুইটি বাবদ প্রাপ্য অর্থের পরিমাণ প্রদেয় ঋণের সমান বা বেশি সেক্ষেত্রে বন্ধকী দলিল সম্পাদনের কোন প্রয়োজন নেই।
১৩.	জমিক্রয়/গৃহনির্মাণ/বাড়ী বা ফ্ল্যাটক্রয়/রিকস্ট্রাকশন ও রিপায়ার এর জন্য আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্ত মাসিক বেতন হতে গৃহীত ঋণের মাসিক কিস্তি ও অন্যান্য কর্তন (যদি থাকে) এর পর মাসিক নিট (Net) প্রাপ্ত বেতন প্রাপ্য সর্বসাকুল্যে বেতন (Gross Salary) এর এক-তৃতীয়াংশ হতে হবে।
১৪.	কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারী এ নীতিমালার অধীন প্রথমবার গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ গ্রহণের ক্ষেত্রে ঋণ প্রদানের ১৩তম মাস হতে ঋণের আসল সর্বোচ্চ ২০০ (দুইশত) টি সম-মাসিক কিস্তিতে এবং সার্ভিস চার্জ ১০০(একশত) টি সম-মাসিক কিস্তিতে মাসিক বেতন হতে কর্তনের মাধ্যমে আদায় করা হবে। সম্পূরক ঋণ গ্রহণের ক্ষেত্রে পূর্বে গৃহীত ঋণের অর্থ সার্ভিস চার্জসহ কিস্তি সমন্বয় সাপেক্ষে ঋণ গ্রহণের পরবর্তী মাস হতে আসল ২০০ (দুইশত) টি সম-মাসিক কিস্তিতে ও সার্ভিস চার্জ ১০০ (একশত) টি সম-মাসিক কিস্তিতে মাসিক বেতন হতে কর্তনের মাধ্যমে আদায় করা হবে। কোন কর্মকর্তা-কর্মচারী চাকুরিকালের মধ্যে গৃহীত ঋণের অর্থ সার্ভিস চার্জসহ পরিশোধ না হলে অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর অবসর গ্রহণকালে তার চূড়ান্ত পেনশন/সিপিএফ/আনুতোষিক (Gratuity) হতে সমন্বয় করা হবে মর্মে ঋণ গ্রহণকারীকে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হবে।
১৫.	ঋণের প্রদত্ত অর্থ প্রযোজ্য শর্তাবলীপূরণ সাপেক্ষে দুইটি সমান কিস্তিতে প্রদান করা হবে।
১৬.	সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কোম্পানি হতে গৃহীত অন্যান্য খাতের ঋণ গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয় ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে কোন প্রতিবন্ধক হবে না। আরো উল্লেখ্য যে, কোম্পানি হতে গৃহীত ঋণ/অগ্রিম একটি অন্যটি ক্ষেত্রে প্রতিবন্ধক হবে না।
১৭.	গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয়ের জন্য সিলিং অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণ প্রথমবার ঋণ প্রাপ্তির পর নির্মিত বাড়ী/ফ্ল্যাটের সংস্কার, সম্প্রসারণ, পুনঃনির্মাণ কাজের জন্য পরবর্তীতে একাধিকবার প্রাপ্যতা অনুযায়ী সম্পূরক ঋণ (ঋণের সিলিং সময়ে সময়ে বৃদ্ধি করা হলে) গ্রহণ করতে পারবেন এবং ঋণের সুদসহ আসল টাকা অবশিষ্ট চাকুরিকালের মধ্যে চূড়ান্ত দেনা-পাওনা নিষ্পত্তির সময় সমন্বয়/আদায়যোগ্য হবে। তবে উপযুক্ত/বিশেষ কারণে অবসর গ্রহণের প্রাক্কালে ঋণের অর্থ অপারিশোধিত থাকলে তা পেনশন/আনুতোষিক হতে সমন্বয় করা হবে মর্মে ঋণ গ্রহণকারীকে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। চক্রাকারে ঋণ বিতরণের সুবিধার্থে সম্পূরক ঋণ গ্রহণের ক্ষেত্রে পূর্ববর্তী ঋণ গ্রহণের পর ০৩ (তিন) বছর অতিক্রান্ত না হলে তিনি সম্পূরক ঋণ গ্রহণের সুবিধা প্রাপ্য হবেন না।
১৮.	কোম্পানির গৃহনির্মাণ ঋণ উপ-খাতে বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীদের (চাকরিতে যোগদানের ভিত্তিতে) জ্যেষ্ঠতা বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে প্রযোজ্য সিলিং অনুযায়ী গৃহনির্মাণ/জমিক্রয়/বাড়ী বা ফ্ল্যাটক্রয়/নির্মিত বাড়ী সংস্কারের জন্য কোম্পানির ঋণ বিতরণ সংক্রান্ত কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ ঋণ মঞ্জুর করা হবে।
১৯.	কোম্পানির অনুমোদিত বাজেট বরাদ্দের মধ্যে এ ঋণ প্রদান সীমাবদ্ধ রাখা হবে।
২০.	অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
২১.	এতদ্ব্যতীত সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত।


উপর্যুক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে গৃহনির্মাণের জন্য ঋণ/সম্পূরক ঋণ গ্রহণে আগ্রহী কর্মকর্তা-কর্মচারীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্র আগামী ০৬/০৮/২০২৬ তারিখের মধ্যে প্রশাসন ডিভিশন-এ জমা প্রদান করতে হবে। কোনক্রমেই নির্ধারিত তারিখের পর/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না। আবেদনের জন্য এতদসঙ্গে সংযুক্ত নির্ধারিত আবেদন ফরম (সংযুক্তি-১) প্রয়োজনে জেনারেল এ্যাডমিন শাখা হতে সংগ্রহ করা যাবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

সংযুক্তিঃ

(১) সংযুক্তি-১

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।



১৩-০৭-২০২৬

মোঃ সাহিনুর আলম

মহাব্যবস্থাপক (প্রশাসন), চ.দা

ফোন : ০২৫৮৮৮৩১৪৪৮

ইমেইল : gm.admin@pgcl.org.bd

বিতরণ: জ্ঞাতার্থ/জ্ঞাতার্থ ও কার্যার্থঃ

- ১। সংশ্লিষ্ট সকল মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ২। সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৩। সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৪। ব্যবস্থাপক, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৫। ব্যবস্থাপক, পেনশন শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ৬। ব্যবস্থাপক, এডিপি শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ৭। সংশ্লিষ্ট সকল উপ-ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৮। উপব্যবস্থাপক, আর্থিক হিসাব শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ৯। সংশ্লিষ্ট সকল সহকারী ব্যবস্থাপক ও সমমানের কর্মকর্তা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ১০। সংশ্লিষ্ট সকল সহকারী কর্মকর্তা ও সমমানের কর্মকর্তা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ১১। সকল পদের কর্মচারী, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।





পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

নলকা, সিরাজগঞ্জ।

গৃহনির্মাণের উদ্দেশ্যে জমিক্রয়/গৃহনির্মাণ/ফ্ল্যাট ক্রয় ঋণ/সম্পূরক ঋণের আবেদনপত্র

(অর্থ বৎসর:)

(প্রযোজ্য কলামগুলো পূরণ করতে হবে)

০১।	আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে)	:	
০২।	পিতা/স্বামীর নাম	:	
০৩।	ক) বর্তমান ঠিকানা	:	গ্রাম/মহল্লা----- ডাকঘর----- উপজেলা-----জেলা-----
	খ) স্থায়ী ঠিকানা	:	গ্রাম/মহল্লা----- ডাকঘর----- উপজেলা-----জেলা-----
০৪।	পদবি ও ব্যক্তিগত কোড নং	:	
০৫।	চাকরিতে যোগদানের তারিখ	:	পদবি-----, তারিখ-----
০৬।	পিজিসিএল-এ যোগদানের তারিখ	:	
০৭।	বিজ্ঞপ্তি জারির তারিখ	:	
০৮।	বিজ্ঞপ্তি জারির তারিখ অনুযায়ী মোট চাকরিকাল	:	
০৯।	জন্ম তারিখ	:	
১০।	বিজ্ঞপ্তি জারির তারিখ অনুযায়ী বয়স	:	-----বৎসর-----মাস-----দিন
১১।	জাতীয়তা	:	
১২।	বেতনস্কেল	:	
১৩।	বর্তমান মূলবেতন	:	
১৪।	ইতঃপূর্বে পিজিসিএল হতে গৃহীত ঋণের বিবরণ	:	১. ক) গৃহনির্মাণ ঋণ : পরিমাণ-----অর্থ বছর----- খ) মাসিক কিস্তির পরিমাণ (সুদসহ)----- ২. ক) মোটর সাইকেল ঋণ: পরিমাণ----- অর্থ বছর----- খ) মাসিক কিস্তির পরিমাণ (সুদসহ) : ----- ৩. ক) কম্পিউটার ঋণ : পরিমাণ----- অর্থ বছর----- খ) মাসিক কিস্তির পরিমাণ (সুদসহ) : ----- ৪. সিপিএফ হতে গৃহীত ঋণ :-----
১৫।	আবেদনকৃত ঋণ গ্রহণের উদ্দেশ্য/খাত (বিজ্ঞপ্তি মোতাবেক যেকোন একটি খাত উল্লেখ করুন)	:	
১৬।	জমি/দালান/ফ্ল্যাট ইত্যাদির অবস্থান ও বিবরণ	:	
	ক) মেট্রোপলিটন/মিউনিসিপ্যাল/পৌর এলাকার নাম	:	
	খ) উপজেলার নাম	:	
	গ) জেলার নাম	:	
	ঘ) মৌজার নাম	:	
	ঙ) সিএস খতিয়ান নম্বর	:	
	চ) সিএস প্লট নম্বর	:	
	ছ) এস, এ খতিয়ান নম্বর	:	
	জ) এস, এ প্লট নম্বর	:	
	ঝ) আর, এস খতিয়ান নম্বর	:	
	ঞ) আরএস প্লট নম্বর	:	
	ট) চৌহদ্দি	:	
	পূর্ব	:	
	পশ্চিম	:	
	উত্তর	:	
	দক্ষিণ	:	
১৭।	গৃহনির্মাণের উদ্দেশ্যে কাজে কোন প্রকার ঋণ ইতঃপূর্বে পেট্রোবাংলা বা এর অধীন অন্য কোন কোম্পানি হতে গ্রহণ করেছেন কিনা, গ্রহণ করে থাকলে তার বিবরণ (গৃহীত ঋণের বিবরণ, অর্থ বছর ও টাকার পরিমাণ উল্লেখসহ):.....		

- ১৮। জমি/দালান/ফ্ল্যাট ইত্যাদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বন্ধক দেওয়া :
হয়ে থাকলে তার পূর্ণ বিবরণ
- ১৯। জমি/দালান/ফ্ল্যাট ইত্যাদি যে কোন ধরনের ঝামেলামুক্ত কিনা এবং :
ঋণের জন্য ক্রয়তব্য় জমি/দালান/ফ্ল্যাট বা নির্মিত বাড়ীতে ঋণ গ্রহীতার
মালিকানা, অধিকার ও প্রকৃত দখল আছে কিনা তার বিবরণ
- ২০। ক্রয়তব্য় জমি/নির্মিত দালানের প্রাক্কলিত খরচের পরিমাণ :
- ২১। অধিযাচিত ঋণের পরিমাণ :

নোট: গৃহনির্মাণ ঋণ মঞ্জুরিপত্রের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কাগজাদি পরবর্তীতে
অবশ্যই দাখিল করতে হবে।

আবেদনকারীর স্বাক্ষর :

নাম : -----
পদবি : -----
ডিভিশন/ডিপার্টমেন্ট: -----
শাখা : -----
তারিখ : -----

আমি এ মর্মে ঘোষণা করছি যে, এ আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যাদি আমার জ্ঞানতঃ সত্য এবং আমি হলফ করে বলছি যে, আমি কোন তথ্য গোপন
করি নাই।

সত্যায়নকারীর স্বাক্ষর :

নাম : -----
পদবি : -----
তারিখ : -----

আবেদনকারীর স্বাক্ষর :

নাম : -----
পদবি : -----
তারিখ : -----

স্বাক্ষীর স্বাক্ষর :

নাম : -----
পিতার নাম : -----
পেশা : -----
স্থায়ী ঠিকানা : -----
তারিখ : -----

প্রতি : মহাব্যবস্থাপক (প্রশাসন)/উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর)
পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ।

আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরযোগ্য সনদপত্র :

আমি এ মর্মে ঘোষণা করছি যে, আমা কর্তৃক গৃহীত ঋণ আমার নিজের বসবাসের নিমিত্তকাজে খরচ করব।
পরবর্তীতে এ চুক্তি ভঙ্গ করলে কোম্পানির বিদ্যমান গৃহনির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয় ঋণ নীতিমালা মোতাবেক বর্ণিত কাজে গৃহীত ঋণ/সম্পূরক ঋণ-এর
সম্পূর্ণ টাকা সুদসহ এক কিস্তিতে কোম্পানিকে ফেরত দিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর :

নাম : -----
পদবি : -----
তারিখ : -----

আবেদনকারীর স্বাক্ষর :

নাম : -----
পদবি : -----
তারিখ : -----

বি.দ্র. নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বলতে ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প পরিচালক/শাখা প্রধান/ইনচার্জ কে বুঝাবে।